

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০০.০০৩.১৪.০১৮.১৮- ২২৮

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৪
০৪ মার্চ ২০১৮

বিষয়: ভিক্ষুক মুক্তকরণের লক্ষ্যে একদিনের মূলবেতনের সম-পরিমাণ অর্থ জমাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ জেলায় ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি বাস্তবায়নের জন্য সোনালী ব্যাংক লিঃ কুড়িগ্রাম শাখায় একটি চলতি হিসাব খোলা হয়েছে; যার নাম 'ভিক্ষুক মুক্তকরণ কর্মসূচি' হিসাব নং- ৫২০৮৪০২০০১৫৬৩। ইতোমধ্যে এ জেলায় বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা-কর্মচারীগণ তাদের ০১(এক) দিনের বেতন এ তহবিলে জমা করেছেন। জেলাকে ভিক্ষুকমুক্ত করণের লক্ষ্যে এনজিওদেরও এক্ষেত্রে এগিয়ে আসার সুযোগ রয়েছে। এ পরিপ্রেক্ষিতে এনজিও বিষয়ক সমন্বয় কমিটির ফেব্রুয়ারি মাসের সভায় এ জেলাকে ভিক্ষুকমুক্তকরণের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে সকল এনজিও-এর কর্মকর্তা ও কর্মচারীগণের ০১(এক) দিনের মূলবেতনের সম-পরিমাণ অর্থ জমা করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২। এমতাবস্থায়, এ জেলাকে ভিক্ষুকমুক্তকরণের লক্ষ্যে তার দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের একদিনের মূলবেতনের সম-পরিমাণ অর্থ বর্ণিত হিসাব নম্বরে জমাকরণপূর্বক আগামী ১৫-০৩-২০১৮ তারিখের মধ্যে অত্রাফিসকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।



(আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান)

জেলা প্রশাসক

কুড়িগ্রাম

ফোনঃ ০৫৮১-৬১৬৪৫(অফিস)

ফ্যাক্সঃ ০৫৮১-৬২৩৭৪(অফিস)

০৫৮১-৬১৬১৪(বাসা)

ই-মেইল-dckurigram@mopa.gov.bd

অনুলিপি:

১. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।